

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৬৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২]

- ৩. কিতাবুল ইলম (كتاب العلم)
- পরিচ্ছেদঃ জ্ঞানের কথা বুঝার চেষ্টা করা

باب الْفَهْمِ فِي الْعِلْمِ

### আরবী

الله عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: كُنَّا عِنْدَ النَّبِيِّ فَأْتِيَ بِجُمَّارٍ فَقَالَ إِنَّ مِنَ الشَّجَرِ شَجَرَةً مَثَلُهَا كَمَثَلِ الْمُسْلِمِ فَأَرَدْتُ أَنْ أَقُولَ: هِيَ النَّخْلَةُ، فَإِذَا أَنَا أَصْغَرُ الْقَوْمِ فَسَكَتُ، قَالَ النَّبِيُّ هِيَ النَّخْلَةُ.

### বাংলা

৬৫) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট ছিলাম। তখন তাঁর নিকট পুরুষ খেজুর গাছের ফুলের ছড়া আনা হল। তিনি তখন বললেনঃ এমন এক প্রকার বৃক্ষ রয়েছে যার পাতা ঝরে পড়েনা। আর উহা মুমিনের অনুরূপ। আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ আমি বলতে ইচ্ছা করলামঃ উহা হচ্ছে খেজুর গাছ। আমি উপস্থিত লোকদের মধ্যে বয়সে ছোট ছিলাম। তাই আমি চুপ থাকলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তা হল খেজুর বৃক্ষ।

টিকাঃ অন্য বর্ণনায় আছে, আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ একদা আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট ছিলাম। তখন তাঁর নিকট পুরুষ খেজুর গাছের ফুলের ছড়া আনা হল। তিনি তখন বললেনঃ এমন এক প্রকার বৃক্ষ রয়েছে যার পাতা ঝরে পড়েনা। আর উহা মু'মিনের অনুরূপ। আমাকে বল তো সেটি কোন্ বৃক্ষ? মানুষেরা জঙ্গলের বৃক্ষ সম্পর্কে চিন্তা করতে থাকল। আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ আমি উপস্থিত লোকদের মধ্যে বয়সে ছোট ছিলাম। তাই আমি চুপ থাকলাম। তবে আমার মনে চিন্তা জাগল যে, উহা হল খেজুর গাছ। কিন্তু আমি তা প্রকাশ করতে লজ্জা বোধ করলাম। সাহাবীগণ বললেনঃ হে আল্লাহর রাসূল! আপনি আমাদেরকে তা বলে দিন। তিনি বললেনঃ তা হল খেজুর বৃক্ষ।

## **English**

(The superiority of) comprehending knowledge

#### Narrated Ibn `Umar:



We were with the Prophet (ﷺ) and fresh dates of a palm tree were brought to him. On that he said, "Amongst the trees, there is a tree which resembles a Muslim." I wanted to say that it was the datepalm tree but as I was the youngest of all (of them) I kept quiet. And then the Prophet (ﷺ) said, "It is the date-palm tree."

### ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৭২

ইসলামিক সেন্টারঃ ৭২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন